

"নিশ্চিত করি শোভন  
কর্মপরিবেশ, সমৃদ্ধ হবে  
বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর  
উপমহাপরিদর্শকের কার্যালয়, যশোর

বিষয়ঃ ১২-০৪-২০২৩ তারিখে অনুষ্ঠিত এসডিজি বিষয়ক মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি আবদুল কাইউম  
উপ -মহাপরিদর্শক  
সভার তারিখ ১২ এপ্রিল ২০২৩  
সভার সময় ১১.০০ ঘটিকা  
স্থান সভাকক্ষ, অত্র কার্যালয়।  
উপস্থিতি পরিশিষ্ট 'ক'

সভাপতি এসডিজি লক্ষ্যমাত্রা বাস্তবায়ন সভায় উপস্থিত বিভিন্ন কারখানা-প্রতিষ্ঠান হতে স্টেকহোল্ডার ও অত্র কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীদের ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করার জন্য এসডিজি ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে আলোচনা শুরু করার আহবান জানান। সভাপতি ও উপস্থিত সম্মানিত সদস্যগণদের সাথে বিস্তারিত আলোচনা শেষে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রঃ নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	সেইফটি কমিটির সদস্যদের প্রশিক্ষণ	কারখানার নিরাপত্তা ও শোভন কর্মপরিবেশ বজায় রাখতে কারখানা/ প্রতিষ্ঠানে বিধি মোতাবেক গঠিত সেইফটি কমিটির সদস্যদের উপস্থিতিতে অত্র কার্যালয়ে প্রশিক্ষণের বিষয়ে আলোচনা হয়।	প্রশিক্ষণ আয়োজনের জন্য কারখানা/প্রতিষ্ঠান মালিক বরাবর নোটিশ প্রেরণ করতে হবে।	সকল পরিদর্শক
০২	দুর্ঘটনা প্রতিরোধে উদ্বুদ্ধকরণ সভা	যে সকল কারখানা/প্রতিষ্ঠান ঝুঁকিপূর্ণ বলে প্রতীয়মান হয় সেসকল কারখানা প্রতিষ্ঠানে রুটিন পরিদর্শনকালে কার্যকর উদ্বুদ্ধকরণ সভা আয়োজনের বিষয়ে আলোচনা হয়।	উদ্বুদ্ধকরণ সভার আয়োজন করতে হবে।	অত্র কার্যালয়ের সকল পরিদর্শক
০৩	শিশুশ্রম নিরসন	শিশুশ্রম নিরসন বিষয়ে (ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ, পাটকল, ইটভাটা) অগ্রাধিকার ভিত্তিতে বিশেষ পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে আলোচনা হয়।	শিশুশ্রম নিরসন কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	অত্র কার্যালয়ের পরিদর্শক (সকল)
০৪	সম কাজে সম মজুরী	পরিদর্শনকালে নারী-পুরুষ মজুরী বৈষম্য রোধে মালিক-শ্রমিক পক্ষকে সচেতন করার বিষয়ে আলোচনা হয়।	মজুরী বৈষম্য রোধে মজুরী রেজিস্টার/বেতন শিট পরীক্ষা করতে হবে।	অত্র কার্যালয়ের পরিদর্শক (সকল)

০২। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আবদুল কাইউম  
উপ -মহাপরিদর্শক


স্মারক নম্বর: ৪০.০১.৪১০০.১০১.১৮.০৫২.১৯.২১৯

তারিখ: ১৯ বৈশাখ ১৪৩০

০২ মে ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা, পরিসংখ্যান ও গবেষণা উপশাখা ও এসডিজি ফোকাল পয়েন্ট কর্মকর্তা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (সদয় অবগতির জন্য)
- ২) শ্রম পরিদর্শক, যশোর (সকল)
- ৩) শ্রম পরিদর্শক, সেফটি শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, যশোর (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
- ৪) অফিস কপি।



জগদীশ চন্দ্র দাস  
শ্রম পরিদর্শক